

মানিকগঞ্জ জব্বারুল হক
কোলেজেড করা মুক্ত
০৬/১১/২০২৩
মোঃ শাহিনুর ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
পরিদর্শন (চট্টগ্রাম) শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০০০.০১০.০১.০০১.২৩.৩৭৫৬

তারিখ: ২১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: কক্সবাজার জেলার সদর উপজেলাধীন ইসলামিয়া মহিলা কামিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক সভাপতি জেলা প্রশাসক, কক্সবাজার এর স্বাক্ষর জালিয়াতিসহ তথ্য গোপন ও ভুয়া কাগজপত্র সৃজন করে বিদ্যোৎসাহী সদস্য অনুমোদন করানোর অভিযোগের বিষয়ে অধিদপ্তরে হাজির পূর্বক সন্তোষজনক ব্যাখ্যাসহ শুনানি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার সদর উপজেলাধীন ইসলামিয়া মহিলা কামিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোহাম্মদ মাহমুদুল করিম ফারুকী (ইনভেঞ্জ নং: C037429) কর্তৃক সভাপতি, এডহক কমিটি ও জেলা প্রশাসক, কক্সবাজার এর স্বাক্ষর জাল জালিয়াতি, তথ্য গোপন ও ভুয়া কাগজপত্র সৃজন করে বিদ্যোৎসাহী সদস্য নেয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে সূত্রোক্ত ১ নং স্মারকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), জনাব মোহাম্মদ মাহমুদুল করিম ফারুকীকে বর্ণিত অভিযোগের বিষয়ে সন্তোষজনক ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলে ২নং স্মারকে তাঁর দাখিলকৃত লিখিত জবাব পর্যালোচনায় কর্তৃপক্ষের নিকট যথাযথ মর্মে প্রতীয়মান হয়নি।

এমতাবস্থায়, আপনার বিরুদ্ধে কেন প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থাসহ এমপিও (বেতন ভাতাদির সরকারি অংশ) সাময়িকভাবে স্থগিত করা হবে না, তা আগামী ০৯/১১/২০২৩খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় প্রয়োজনীয় ডকুমেন্টসসহ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের শুনানীতে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ ফর্দ।

ফেরদৌসী

০৬-১১-২০২৩
মোসাম্মৎ ফেরদৌসী আলম
পরিদর্শক

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), জনাব মোহাম্মদ মাহমুদুল করিম ফারুকী (ইনভেঞ্জ নং: C037429) ইসলামিয়া মহিলা কামিল মাদ্রাসা, সদর, কক্সবাজার।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০১.০০১.২৩.৩৭৫৬/১ (৬)

তারিখ: ২১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
- ২। জেলা প্রশাসক, কক্সবাজার ও সভাপতি, ইসলামিয়া মহিলা কামিল মাদ্রাসা, সদর, কক্সবাজার;
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কক্সবাজার;
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কক্সবাজার এবং
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



সকল সংযুক্তিসমূহ:

(s) 2023-11-01 11_48_54

ফেরদৌসী

০৬-১১-২০২৩
মোসাম্মৎ ফেরদৌসী আলম
পরিদর্শক